বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট

## ৬.০ ভূমিকা

সবার জন্য শিক্ষা নিশ্চিতকরণের অন্যতম পূর্বশর্ত হচ্ছে বাধ্যতামূলকভাবে সকল শিশুর জন্য প্রাথমিক শিক্ষার সমান সুযোগ সুবিধা পৌঁছে দেয়া। এ জন্য আইনগত বাধ্যবাধকতা অপরিহার্য হওয়ায় জাতীয় সংসদ কর্তৃক 'প্রাথমিক শিক্ষা (বাধ্যতামূলককরণ) আইন ১৯৯০' পাশ করা হয়। এ আইনের যথাযথ বাস্তবায়ন পরিবীক্ষণের জন্য ১১.০৮.১৯৯০ তারিখে 'বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ কোষ' সৃষ্টি করা হয়। পরবর্তীতে কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় বিগত ০১.১১.১৯৯২ তারিখে তৎকালীন প্রাথমিক ও গণশিক্ষা বিভাগে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় কোষ শব্দটি বাদ দিয়ে ইউনিট শব্দটি প্রতিস্থাপন করে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটে রূপান্তর করা হয়।

'প্রাথমিক শিক্ষা (বাধ্যতামূলককরণ) আইন ১৯৯০' বাস্তবায়নের লক্ষ্যে মাঠ পর্যায়ে গঠিত জেলা, উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড কমিটিসমূহের কেন্দ্রিয় সমন্বয়কের দায়িত্ব পালনসহ অর্পিত অন্যান্য দায়িত্ব এ ইউনিট যথাযথভাবে পালন করে আসছে।

## ৬.১ রূপকল্প

সবার জন্য মানসম্মত ও একীভূত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ।

**অভিলক্ষ্য:**

শিক্ষার গুণগত মান উন্নয়ন ও সুযোগ সম্প্রসারণের মাধ্যমে সবার জন্য মানসম্মত ও একীভূত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ।

## ৬.২ কৌশলগত লক্ষ্যসমূহ

১. নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রস্তুতকরণ ও ওয়েবসাইটে প্রকাশ;

২. মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে সার্বিক সহায়তা প্রদান;

৩. সাবেক বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের মৃত্যুবরণকারী/অবসরগ্রহণকারী শিক্ষকগণের এককালীন আর্থিক অবসরভাতা প্রদান;

৪. প্রাথমিক বিদ্যালয় ও প্রাথমিক শিক্ষা সংক্রান্ত জেলা/উপজেলা অফিসসমূহ নিয়মিত পরিদর্শনপূর্বক মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে প্রয়োজনীয় সুপারিশ প্রদান;


৫. সাবেক এমপিওভুক্ত রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় এবং কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়সমূহের শিক্ষকগণ কর্তৃক দায়েরকৃত মামলায় সরকারের পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করা; এবং

৬. কর্মকর্তা/কর্মচারীদের আবেদিত চাকুরি সংক্রান্ত বিষয়সমূহ সরকারি বিধান মোতাবেক নিস্পত্তি করা।

## ৬.৩ সাংগঠনিক কাঠামো

| ক্রমিক নং | অনুমোদিত জনবলের বিবরণ | অনুমোদিত পদ সংখ্যা |
|---|---|---|
| ০১ | ১ম শ্রেণির কর্মকর্তা | ১৩ জন |
| ০২ | ২য় শ্রেণির কর্মকর্তা | ০১ জন |
| ০৩ | ৩য় শ্রেণির কর্মচারী | ১৯ জন |
| ০৪ | ৪র্থ শ্রেণির কর্মচারী | **২২ জন** |
| | মোট | **৫৫ জন** |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়




| (ক) রাজস্বখাতে জনবলের সারসংক্ষেপ ও পদের নাম | |
|---|---|
| ১। মহাপরিচালক | ০১ |
| ২। পরিচালক | ০৩ |
| ৩। উপপরিচালক | ০৭ |
| ৪।সহকারী পরিচালক | ০১ |
| ৫। প্রোগ্রামার | ০১ |
| ৬। ২য় শ্রেণি | ০২ |
| ৭। ৩য় শ্রেণি | ২১ |
| ৮। ৪র্থ শ্রেণি | ১৯ |
| সর্বমোট = | ৫৫ |

| (খ) রাজস্বখাতে অন্যান্য যানবাহন ও অফিস যন্ত্রপাতি | |
|---|---|
| ১। জীপ | ০১ |
| ২। মাইক্রোবাস | ০২ |
| ৩। এয়ারকুলার | ০৪ |
| ৪। মটর সাইকেল | ০১ |
| ৫। বাই সাইকেল | ০১ |
| ৬। ইলেকট্রিক টাইপ রাইটার | ০৪ |
| ৭। সার্ভার কম্পিউটার | ০১ |
| ৮। কম্পিউটার | # |
| ৯। হাব | ০২ |
| ১০। ইউপিএস | ০৫ |
| ১১। প্রিন্টার | # |
| ১২। টেলিফোন | # |
| ১৩। ইন্টারকম সেট | ০১ |
| ১৪। ফ্যাক্স মেশিন | ০১ |
| ১৫। ফটোকপিয়ার | ০২ |
| ১৬। ডুপ্লিকেটিং মেশিন | ০২ |
| ১৭। টাইপ মেশিন | # |

## ৬.৪ ২০২২-২৩ অর্থবছরের প্রধান কার্যাবলি

- **বেসরকারি প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্টের তহবিল হতে এককালীন আর্থিক সুবিধা প্রদান সংক্রান্ত:**
  বেসরকারি প্রাথমিক শিক্ষক কল্যাণ **ট্রাস্টের** তহবিল হতে (২০২২-২৩ অর্থবছরে) এমপিওভুক্ত রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত/পদত্যাগকারী/মৃত্যুবরণকারী ১৪ জন শিক্ষকের এককালীন আর্থিক সুবিধা বাবদ অর্থের পরিমাণ ১৬,৫৪,৮৫২/- (ষোল লক্ষ চুয়ান্ন হাজার আটশত বায়ান্ন) টাকা প্রদান করা হয়েছে।

- **মামলা সংক্রান্ত:**
  ০১.০১.২০১৩ তারিখ ২৩,৭৩৪টি এমপিওভুক্ত বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের পর এ সকল বিদ্যালয়ের শিক্ষক কর্তৃক সরকারকে বিবাদী করে দায়ের করা মোট ৮৭টি রীট মামলা চলমান রয়েছে। তন্মধ্যে ২০২২-২৩ অর্থবছরে ০৫টি মামলা সরকারের পক্ষে নিষ্পত্তি হয়েছে।

- **মানসম্মত শিক্ষা বাস্তবায়ন:**
  ঝরে পড়ারোধসহ মানসম্মত শিক্ষা বাস্তবায়নের লক্ষ্যে এ ইউনিটের কর্মকর্তাগণ কর্তৃক ৬৬টি প্রাথমিক বিদ্যালয়, ০৬টি জেলা প্রাথমিক শিক্ষা অফিস ও উপজেলা শিক্ষা অফিস পরিদর্শন করে সুপারিশসহ প্রতিবেদন দাখিল করা হয়।




প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব জনাব ফরিদ আহাম্মদ ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের মহাপরিচালক নূরুন নাহার হেনা (অতিরিক্ত সচিব) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সম্পাদন করেন।



চট্টগ্রাম জেলার পাহাড়তলী থানাধীন হালিশহর হাউজিং স্টেট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণি পাঠদান কার্যক্রম সরেজমিন পর্যবেক্ষণ করেছেন বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের উপপরিচালক (প্রশাসন) জনাব মোঃ আব্দুল হালিম ভূঁঞা।

### ৬.৫ বাজেট বরাদ্দ ও ব্যয়

২০২২-২০২৩ অর্থবছরে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিটের অনুকূলে মোট ৫,০৮,০০,০০০/- (পাঁচ কোটি আট লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। তন্মধ্যে ২,৮১,০৫,০০০/- (দুই কোটি একাশি লক্ষ পাঁচ হাজার) টাকা ব্যয় করা হয়েছে।




মুজিব কর্ণার

### ৬.৬ এসডিজি বাস্তবায়ন

এসডিজি অর্জনের অন্যতম নিয়ামক হচ্ছে মানসম্মত শিক্ষা। এ লক্ষ্য বাস্তবায়নে ইউনিটের কর্মকর্তাগণ কর্তৃক মাঠ পর্যায়ের প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীর শিক্ষার গুণগত ও পরিমাণগত মান যাচাই ও শিখন পদ্ধতি নিবিড়ভাবে মনিটরিং করে প্রাপ্ত তথ্য উপাত্ত সংগ্রহপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন দাখিল করা হয়।